আজকের কাগজ

তারিখ ... 01 NOV 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

৪

49

# রাজধানীতে স্কুল ছাত্রদের বিক্ষোভ, পুলিশের সঙ্গে সংঘর্ষ ।। ভাঙচুর ।। গ্রেফতার অর্ধশত

**কাগজ প্রতিবেদক :** এসএসসি পরীক্ষায় নম্বর প্রদান পদ্ধতি পরিবর্তন সংক্রান্ত একটি গুজবকে কেন্দ্র করে স্কুল শিক্ষার্থীদের মধ্যে আবারো উত্তেজনা সৃষ্টি হয়েছে। তারা আবারো রাজপথে মিছিল সমাবেশ ভাঙচুর শুরু করেছে। গতকাল সচিবালয়ের সামনে ছাত্র-পুলিশ সংঘর্ষে কয়েকশ' ছাত্র আহত হয়েছে। অর্ধশতাধিক ছাত্রকে গ্রেফতার করেছে। বিক্ষুব্ধ ছাত্ররা তোপখানা রোড সংলগ্ন কয়েকটি দোকান, মোটর সাইকেল ভাঙচুর করে এবং পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিক্ষোভকালে ৩ হাজারেরও বেশি ছাত্রের একটি মিছিল প্রেসক্লাবের পাশে সচিবালয়ের সামনে এসে বিক্ষোভ প্রদর্শন করে। তারা শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করে স্লোগান দিতে থাকে। পুলিশ প্রতিরোধের এক পর্যায়ে উত্তেজনা সৃষ্টি হয়। পুলিশ এ সময় বেপরোয়া লাঠিচার্জ করে বিক্ষোভকারী ছাত্রদের ছত্রভঙ্গ করে। ছাত্ররাও পাল্টা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে। সোয়া একটার দিকে এই সংঘর্ষ শুরু হয় এবং প্রায় দু'ঘন্টা ধরে চলে। এ সময় তোপখানা রোড ও পল্টন মোড়ে গাড়ি চলাচল বন্ধ হয়ে যায়।

উল্লেখ্য, এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক ও বোর্ড প্রশ্ন উভয় ক্ষেত্রে আলাদাভাবে পাস করতে হবে বলে সম্প্রতি একটি গুজব ছড়িয়ে পড়লে। এ পরিস্থিতির সৃষ্টি হয়। ছাত্রদের দাবি উভয় অংশ মিলিয়ে ১০০-এর মধ্যে ৩৩ পেলেই পাস। গত বছর একই দাবিতে ছাত্ররা ব্যাপক বিক্ষোভ ও ভাঙচুরের প্রেক্ষাপটে সরকার এ সিদ্ধান্তটি বাতিল করতে বাধ্য হয়।